# ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই) ও গাউন খুলে ফেলার ধাপসমূহ

১. সব সময় একজন **প্রশিক্ষণপ্রাপ্ত পর্যবেক্ষকের (সহকর্মী)** নির্দেশনা ও তত্ত্বাবধানে পিপিই খুলুন। নিরাপদে পিপিই ফেলার জন্য বর্জ্য অপসারণ বিন এবং পুণঃব্যবহারের পিপিই রাখার কনটেইনার আছে কিনা তা নিশ্চিত করুন।

২. গ্লভস্ পরিহিত অবস্থায় **হাতের স্বাস্থ্য বিধি (hand hygiene)** পালন করুন[১]।

৩. সম্মুখে ঝুঁকে **এ্যাপ্রোনটি** এমনভাবে খুলুন যাতে হাত সংক্রমিত না হয়। একবার ব্যবহারযোগ্য এ্যাপ্রোন খোলার সময় ঘাড়ের নিকট বাঁধন ছিঁড়ে ফেলুন এবং এ্যাপ্রোনের সামনের দিকে স্পর্শ না করে মুড়িয়ে নিচের দিকে নামান। এবার পেছনের বাঁধন খুলুন ও মুড়িয়ে সামনের দিকে নিয়ে আসুন।



৪. গ্লভস্ পরিহিত অবস্থায় **হাতের স্বাস্থ্য বিধি** পালন করুন।

৫. বাহিরের গ্লভস্ জোড়া খুলে ফেলুন এবং নিরাপদে ফেলে দিন।
ধাপ ১৭-এ দেখানো পদ্ধতি অনুসরণ করুন।

৬. গ্লভস্ পরিহিত অবস্থায় **হাতের স্বাস্থ্য বিধি** পালন করুন।

৭. **মাথা ও ঘাড়ের আচ্ছাদন (surgical bonnet)** খোলার সময় কখনই যেন মুখমন্ডল সংক্রমিত না হয়। আচ্ছাদনটি ঘাড়ের পেছনের নিচ থেকে খোলা শুরু করুন। আচ্ছাদনটি ভেতর থেকে বাইরে মুড়িয়ে এবং পেছন থেকে সামনের দিকে এনে নিরাপদে ফেলে দিন।



**অথবা**



৮. গ্লভস্ পরিহিত অবস্থায় **হাতের স্বাস্থ্য বিধি** পালন করুন।

৯. প্রথমেই **গাউনের** ফিতার গিটসমূহ খুলে ফেলুন। এরপর গাউনটিকে পিছন থেকে সমানে ভেতর থেকে বাইরে মুড়িয়ে নিরাপদে ফেলে দিন।



Lorem

১০. গ্লভস্ পরিহিত অবস্থায় **হাতের স্বাস্থ্য বিধি** পালন করুন।

১১. **মুখের বন্ধনী (face shield)** বা **গগলজ্** (goggles) এর ফিতা মাথার পেছন দিক থেকে সামনে এনে নিরাপদে ফেলে দিন।





১২. গ্লভস্ পরিহিত অবস্থায় **হাতের স্বাস্থ্য বিধি** পালন করুন।

১৩. মাথার পেছন দিক থেকে প্রথমে নিচের অংশের ফিতা মাথার উপর দিয়ে সামনে ঝুলন্ত অবস্থায় ছেড়ে দিয়ে উপরের ফিতাটি মাথার পেছন থেকে সামনে এনে নিরাপদে **মাস্কটি** খুলুন।




১৪. গ্লভস্ পরিহিত অবস্থায় **হাতের স্বাস্থ্য বিধি** পালন করুন।

১৫. স্পর্শ না করে রাবারের **বুটটি** খুলে ফেলুন (অথবা জুতার কাভার, যদি জুতা ব্যবহার করে থাকেন)। যদি একই বুট অধিক ঝুঁকিপুর্ণ এলাকার বাইরে ব্যবহার করা প্রয়োজন হয় তবে বুটটি পরে থাকুন কিন্তু পিপিই খোলার স্থান ত্যাগ করার পূর্বে তা যথাযথভাবে পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন[২]।

১৬. গ্লভস্ পরিহিত অবস্থায় **হাতের স্বাস্থ্য বিধি** পালন করুন।

১৭. প্রথম জোড়া **গ্লভস্** সঠিক নিয়মে সাবধানে খুলে ফেলি



১৮. **হাতের স্বাস্থ্য বিধি** পালন করুন।

[১] রোগী সেবা প্রদানের ক্ষেত্রে প্রত্যেকটি রোগী দেখার সময় বাহিরের গ্লভস্টি পরিবর্তন করতে হবে।

[২] সঠিকভাবে বুট জীবাণুমুক্ত করার জন্য পায়ে পরা অবস্থায় বুটটি ০.৫% ক্লোরিন দ্রবনে রাখুন (বুটে যদি অধিক মাত্রায় ময়লা, কাদামাটি এবং জৈবিক পদার্থসমূহ লেগে থাকে তবে তা টয়লেট ব্রাশ দিয়ে অপসারণ করুন)। প্রতিদিন কমপক্ষে বুটটি একবার ০.৫% ক্লোরিন দ্রবনে ৩০ মিনিট ভিজিয়ে রাখুন এবং তারপরে আলতোভাবে ধুয়ে শুকিয়ে জীবাণুমুক্ত করে নিন।

World Health Organization

All reasonable precautions have been taken by the World Health Organization to verify the information contained in this publication. However, the published material is being distributed without warranty of any kind, either expressed or implied. The responsibility for the interpretation and use of the material lies with the reader. In no event shall the World Health Organization be liable for damages arising from its use.

WHO/HIS/SDS/2015.3

© WORLD HEALTH ORGANIZATION 2015